

মরা গরু পেলে পরে প্রাণ দিত লাথি মেরে,
আবার আঘাত করে লোকের শিরে,
মেরে ফিরে জীবন দিত তার ॥

অন্তরা

হীরামন দেখতে যেত দুর্গাপূজা ।
গিয়ে পূজা বাড়ী, ধূলায় পড়ি,
বলত লীলে মা তোর না যায় বোঝা ॥
সময় যেত মগুপ ঘরে, প্রতিমার স্তন ধরে করে
ব'লত দুধ দে আমারে, ওগো মা দশভূজা ।
মেটে প্রতিমার দুধ বের করে,
খেয়ে হীরামন মারত মজা ॥

গোঁসাই মৃতুঞ্জয়, দশরথ গোলক, তারক আর লোচন,
এই সব মহাসাধু কলিতে হরি ঠাকুরের সঙ্গেতে,
কীৰ্ত্তন মাঝে মাঝেতে নাচাতেন শমন ।
বর্তমান ওড়াকান্দী অবতীর্ণ গুরুচাঁদ গোসাই,
চল সবে ঠাকুর দেখতে যাই,
এইবার ঠাকুর চলে গেলে, কি হয় যেন কার কপালে,
এবার মুক্তি দিতে অস্তিমকালে,
কলিকালে এমন বান্ধব নাই ।
গোঁসাই বিপিনচাঁদ কয় কামিনী তুই ভাবিস্ অকারণ,
তোরে করে দিব শমন দমন দিয়ে গুরুচাঁদের দোহাই ॥
---কামিনী কুমার সরকার